গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, এ ডব্লিউ চৌধুরী রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬।

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.৩৩৪.২৬.৩৩৬

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

Professional Video Camera Operation Techniques পাঠ্যধারা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২০ সেপ্টেম্বর থেকে ২৯ অক্টোবর ২০২৬ খ্রি. মেয়াদে ০৬ (ছয়) সপ্তাহব্যাপী Professional Video Camera Operation Techniques **পাঠ্যধারা**" পরিচালনা করতে যাচ্ছে। এ পাঠ্যধারায় Professional Video Camera Operation Techniques সম্পর্কিত প্রয়োজনীয় বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাস হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ৳ ২০০/- (টাকা দুইশত) মাত্র নির্ধারিত ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

০১ সেপ্টেম্বর ২০২৬ থেকে প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, NID ফটোকপি এবং স্নাতক পাসের সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ ইনস্টিটিউটের ওয়েবসাইট থেকে www.nimc.gov.bd সরাসরি আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন ফি জমা দিয়ে বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ১৩ সেপ্টেম্বর ২০২৬ রবিবার। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা ১৫ সেপ্টেম্বর-২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১০:৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোনো পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ১৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৬,০০০/= (ছয় হাজার) টাকা মাত্র ১৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে "আয়ন-ব্যয়ন কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট"-এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০-০৮-২০২৬
ইসমত জাহান চৌধুরী
উপপরিচালক (ক্যামেরা ও আ. স. প্রশি.) (চ. দা.)
ও
পাঠ্যধারা পরিচালক
ফোন: ০১৭১২৮৪৬৩৯৮